দৈনিক ইত্তেফাক

168.

তারিখ ... SEP. 22 1999
পৃষ্ঠা 8 কলাম 2

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ

আমরা যাহারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বহিরাগত হিসাবে ১৯৯৪-৯৫ সেশনে মাষ্টার্স শেষ ব্যাচ-এ অধ্যয়ন করিতেছি। তাহাদের চূড়ান্ত পরীক্ষা অনিবার্য কারণবশত ২১ শে সেপ্টেম্বর'৯৯ হইতে ১লা নভেম্বর '৯৯তে নিয়ে যাওয়া হইয়াছে। এখন আবার পরীক্ষা পিছাইবার গুঞ্জন শোনা যাইতেছে। ফলে আমরা হতাশ হইয়া পড়িয়াছি। ইতিমধ্যে আমাদের জীবন হইতে পাঁচটি বৎসর ঝরিয়া গিয়াছে। আমাদের পরীক্ষা আগষ্ট '৯৯ -তে শুরু হওয়ার কথা থাকিলেও বার বার তাহা পিছানো হইতেছে। এমতাবস্থায়, আমাদের পরীক্ষা আর না পিছাইবার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আকুল আবেদন জানাইতেছি।

মোঃ নূরুল ইসলাম,
এম,এ শেষ পর্ব (বহিরাগত),
ইসলামিক ষ্টাডিজ,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।